গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ
লক্ষ্মীছড়ি, খাগড়াছড়ি পার্বত্য জেলা

লক্ষ্মীছড়ি উপজেলা পরিষদ-এর সেপ্টেম্বর/২০২২ মাসের মাসিক সাধারন সভার কার্যবিবরণী :

সভাপতি	: বাবুল চৌধুরী, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লক্ষ্মীছড়ি, খাগড়াছড়ি পার্বত্য জেলা
সভার তারিখ	: ২৮/০৯/২০২২, বুধবার, সময় : সকাল ১১.০০ ঘটিকা
সভার স্থান	: উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, লক্ষ্মীছড়ি
পরিশিষ্ট	: "ক" সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যদের নামের তালিকা।

সভাপতি উপস্থিত সকল সদস্যকে শুভেচ্ছা জানান। তিনি উপজেলা নির্বাহী অফিসারকে সভা পরিচালনার জন্য অনুরোধ করেন। উপজেলা নির্বাহী অফিসার উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। এতে সংশোধনী, সংযোজনী না থাকায় বিগত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়করণ করা হয়। পরবর্তীতে দপ্তর ভিত্তিক বিস্তারিত আলোচনাপূর্বক নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়;

ক্রম	দপ্তর	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১.	স্বাস্থ্য ও পঃপঃ বিভাগ	উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা জানান কোভিড-১৯ ভ্যাকসিন প্রদান কার্যক্রম চলমান রয়েছে। তিনি জানান দেশে/বিদেশে ভ্রমণের ক্ষেত্রে ভ্যাকসিন সনদ অতীব জরুরী। অদ্য হতে ১ম, ২য় ও ৩য় পর্যায়ের ভ্যাকসিন প্রদান কার্যক্রম শুরু হবে। ১ম ডোজ ভ্যাকসিন গ্রহণে কেউ বাদ পড়ে থাকলে দ্রুত গ্রহণের অনুরোধ জানান। দীর্ঘ দিন ধরে হাসপাতালের এক্সরে মেশিনটি অকেজো অবস্থায় পড়ে রয়েছে। এ বিষয়ে উর্দ্ধতন কর্তৃপক্ষকে অবহিত করা হয়েছে। বর্তমানে অত্র স্বাস্থ্য কমপ্লেক্সে সেবার মান উন্নতকরন করা হয়েছে এবং হাসপাতালে প্রচুর পরিমাণে ঔষুধ সরবরাহ রয়েছে। হাসপাতালে চিকিৎসা সেবায় আন্তরিক হওয়ার জন্য সকল মেডিকেল অফিসারদের নির্দেশনা প্রদান করা হয়েছে। সুতরাং জনসাধারণকে সেবামুখী করতে উদ্ধুদ্ধ করতে সকল জনপ্রতিনিধিদের অনুরোধ জানান। এছাড়া বিগত মাসে তার দপ্তরের চিকিৎসা সেবা কার্যক্রম নিম্নরূপঃ	১। কোভিড-১৯ ভ্যাকসিন গ্রহণে উদ্ধুদ্ধ করতে স্থানীয় জনপ্রতিনিধিদের বিশেষ ভূমিকা রাখতে হবে। ২। কমিউনিটি ক্লিনিকগুলোতে স্বাস্থ্যসেবার মান বৃদ্ধিতে প্রয়োজনীয় তদারকি জোরদার করতে হবে।	উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা ও সকল জনপ্রতিনিধি বৃন্দ, লক্ষ্মীছড়ি।

Sl NO	Report Name	Patients Service	Covid-19 Information			
			Covid-19 1st dose	Vaccine	Covid-19 2nd dose	Vaccine
1.	MIS Indoor	158	Astra	1340	Astra	1239
2.	MIS Outdoor	1155		1340		1239
3.	MIS Emergency	205	Cinofer	12405	Cinofer	12400
4.	CC patients service	1927	Cinovex	6705	Cinovex	6665
5.	Malaria	01	Fizer	2478	Fizer	2238
6.	IMCI	389	Total	22928	Total	22540
7.	ORT Corner	118	Voster (3rd)	8761		
8.	ARI	191				
9.	Dengue	00				
10.	Eoc(Labour)	12				
11.	Death (General)	02				

ক্রম	দপ্তর	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
২.	পরিবার পরিকল্পনা বিভাগ	উপজেলা প: প: কর্মকর্তা জানান খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ কর্তৃক অত্র উপজেলায় কিছু জনবল পদায়ন করায় মাঠ পর্যায়ে চলমান কার্যক্রমে গতিশীলতা ফিরে এসেছে। সরকারী নির্দেশনা অনুযায়ী মাঠ পর্যায়ে এফডব্লিউএ এর দ্বারা অনলাইনের মাধ্যমে জন্ম নিবন্ধন করা হচ্ছে। মগাইছড়ি ইউনিয়ন স্বাস্থ্য কমপ্লেক্সে সিডিউল অনুযায়ী নিয়মিত কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া তিনি আরো জানান পর্যাপ্ত আয়োডিনের অভাবে মা ও শিশুর স্বাস্থ্য ঝুঁকি রয়েছে। সুতরাং লক্ষ্মীছড়ি বাজারে যে সমস্ত লবন বিক্রী হয় তাতে আয়োডিন আছে কিনা খতিয়ে দেখা দরকার। সভায় এ বিষয়ে বিস্তারিত	স্যানিটারী ইন্সপেক্টরের মাধ্যমে নিয়মিত বাজার মনিটর করতে হবে এবং প্রয়োজনে মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে।	উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা ও স্যানিটারী ইন্সপেক্টর, লক্ষ্মীছড়ি।

<table>
<tr><td></td><td></td><td>আলোচনা করা হয়।</td><td></td><td></td></tr>
<tr><td>৩.</td><td>কৃষি বিভাগ</td><td>উপজেলা কৃষি কর্মকর্তার প্রতিনিধি জানান, মাঠ পর্যায়ে কৃষক ও বাগান মালিকদের পরামর্শ প্রদান অব্যাহত রয়েছে। বাজারে পর্যাপ্ত পরিমানে রাসায়নিক সার রয়েছে। অন্যান্য কার্যক্রম স্বাভাবিক।</td><td>১। বাজারে রাসায়নিক সারের যাতে ঘাটতি না হয় সে লক্ষে ডিলারদের কার্যক্রম মনিটর রাখতে হবে।
২। আমন চাষের মৌসুমে ডিলারগণ যেনো সকাল থেকেই দোকান খোলা রাখে সে জন্য প্রয়োজনীয় নির্দেশনা দিতে হবে।</td><td>উপজেলা কৃষি কর্মকর্তা (ভারপ্রাপ্ত), লক্ষ্মীছড়ি।</td></tr>
<tr><td>৪.</td><td>প্রাণিসম্পদ বিভাগ</td><td>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা জানান, চলতি মাসে তাদের দপ্তরের কার্যক্রম নিম্নরূপ : ১। গবাদি পশুর চিকিৎসা সংখ্যা- ৮৯১টি, ২। হাঁস-মুরগির চিকিৎসা সংখ্যা- ৫২৪৭টি, ৩। গবাদি প্রাণির টিকা প্রদান- ৮৪৮টি, ৪। হাঁস-মুরগির টিকা প্রদান ১১,৬০০টি। এছাড়া রাজস্ব আদায়- ২,৯৩০/-টাকা। অন্যান্য কার্যক্রম স্বাভাবিক।</td><td>মাঠ পর্যায়ের তদারকি কার্যক্রম শক্তিশালী করতে হবে।</td><td>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা (অ:দা), লক্ষ্মীছড়ি।</td></tr>
<tr><td>৫.</td><td>প্রাথমিক শিক্ষা বিভাগ</td><td>উপজেলা শিক্ষা কর্মকর্তা জানান, সরকারী নির্দেশনা অনুযায়ী বিদ্যালয়ের নুতন সময়সূচি মোতাবেক কার্যক্রম চলছে। এলজিইডির তথ্য মতে অত্র উপজেলার ১৩টি সরকারী প্রাথমিক বিদ্যালয় নুতন ভবন নির্মাণের জন্য কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে তন্মধ্যে শুকনাছড়ি সরকারী প্রাথমিক বিদ্যালয়, হাজাছড়ি সরকারী প্রাথমিক বিদ্যালয় ও ছমুর পাড়া সরকারী প্রাথমিক বিদ্যালয়ে মাঠি ভরাট করা না হলে ভবন নির্মাণ সম্ভব নয়। সুতরাং উল্লেখিত বিদ্যালয় সমুহে ভবন নির্মাণে উপযোগী পদক্ষেপ গ্রহণে সভাপতি মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। তিনি আরো জানান এ উপজেলায় অনেক বিদ্যালয় রয়েছে যা ১/২ জন শিক্ষক দ্বারা বিদ্যালয় পরিচালনা করতে হচ্ছে। সুতরাং উক্ত বিদ্যালয় সমূহে শিক্ষার মান সমুন্নত রাখা মোটেই সম্ভব নয়। ১/২ জন শিক্ষক দ্বারা পরিচালিত বিদ্যালয় সমূহের তথ্য নিম্ন-রূপ :
<table>
<tr><th>ক্র.নং</th><th>বিদ্যালয়ের নাম</th><th>মোট পদ</th><th>কর্মরত পদ সংখ্যা</th><th>শূণ্য পদ</th></tr>
<tr><td>১</td><td>বানরকাটা মধ্যপাড়া সরকারী প্রাথমিক বিদ্যালয়</td><td>০৫</td><td>০১</td><td>০৪</td></tr>
<tr><td>২</td><td>দন্ডিপাড়া সরকারী প্রাথমিক বিদ্যালয়</td><td>০৪</td><td>০২</td><td>০২</td></tr>
<tr><td>৩</td><td>শুকনাছড়ি সরকারী প্রাথমিক বিদ্যালয়</td><td>০৫</td><td>০২</td><td>০৩</td></tr>
<tr><td>৪</td><td>লেলাং সরকারী প্রাথমিক বিদ্যালয়</td><td>০৪</td><td>০২, সংযুক্ত-১</td><td>০২</td></tr>
<tr><td>৫</td><td>মুক্তাছড়ি সরকারী প্রাথমিক বিদ্যালয়</td><td>০৬</td><td>০২</td><td>০৪</td></tr>
<tr><td>৬</td><td>ফুত্যাছড়ি সরকারী প্রাথমিক বিদ্যালয়</td><td>০৪</td><td>০২</td><td>০২</td></tr>
<tr><td>৭</td><td>কান্দব পাড়া সরকারী প্রাথমিক বিদ্যালয়</td><td>০৫</td><td>০২</td><td>০৩</td></tr>
<tr><td>৮</td><td>নারান্যাছড়ি সরকারী প্রাথমিক বিদ্যালয়</td><td>০৫</td><td>০২</td><td>০৩</td></tr>
<tr><td>৯</td><td>দুরছড়ি সরকারী প্রাথমিক বিদ্যালয়</td><td>০৫</td><td>০২</td><td>০৩</td></tr>
</table>
</td><td>১। টিআর/কাবিখা ২য় পর্যায়ের বরাদ্দ হতে উল্লিখিত বিদ্যালয় সমূহে মাটি ভরাটকরন প্রকল্প গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।
২। শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে প্রয়োজনীয় নিরাপত্তা বিধানে নৈশপ্রহরীদের রাত্রীকালীন পাহারা নিশ্চিত করতে হবে।
৩। একজন/দুইজন শিক্ষক দ্বার পরিচালিত বিদ্যালয় সমুহের তথ্যসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উদ্ধর্তন কর্তৃপক্ষের বরাবরে পত্র প্রেরণ করতে হবে।</td><td>১। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা ও উপজেলা শিক্ষা অফিসার, লক্ষ্মীছড়ি।
২। স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠান প্রধান।</td></tr>
</table>

CamScanner

৬.	মাধ্যমিক শিক্ষা বিভাগ	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জানান, তিনি গত-২১/০৯/২২ তারিখে অত্র উপজেলায় যোগদান করেছেন। তিনি নুতন কর্মস্থলের সকল কার্যক্রমে সকলের সহযোগীতা কামনা করেন।	১। সরকারী নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম পরিচালনা করতে হবে।	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, লক্ষ্মীছড়ি।
৭.	স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ	উপজেলা প্রকৌশলী জানান ২০২২-২৩ অর্থ বছরে ১ম কিস্তি এডিপি বরাদ্দ পাওয়া গেছে। দ্রুত প্রকল্প গ্রহণের জন্য তিনি সংশ্লিষ্টদের অনুরোধ জানান। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিভাবে চলছে। তিনি আরো জানান ২০১৯-২০ অর্থ বছরে উপজেলা শহর (নন-মিউনিসিপ্যাল) মাস্টার প্ল্যান প্রনয়ন ও মৌলিক অবকাঠামো উন্নয়ন প্রকল্পের আওতায় লক্ষ্মীছড়ি বাজার রাস্তায় ইউ-ড্রেন নির্মাণ কাজটি বাস্তবায়নের জন্য ঠিকাদার নিয়োগ করা হয় এবং যথারীতি সংশ্লিষ্ট ঠিকাদারের অনুকূলে কার্যাদেশ প্রদান করা হয়। অনুমোদিত প্রাক্কলনে ড্রেনের মোট দৈর্ঘ্য ১০০০ মিটার হলেও বাস্তবে উহার মোট দৈর্ঘ্য ১১০৭.৫৫ মিটার। এছাড়া আরসিসি ড্রেনটির ওয়ালের উচ্চতা ০.৯০০ মিটার হলেও সরেজমিনে দেখা যায় ৬০০ মিটার ড্রেনের উচ্চতা ০.৬৮৩ মিটার এবং অবশিষ্ট ৫০৬.৮ মিটার ড্রেনের উচ্চতা ০.৬০০ মিটারের অধিক গভীরতা/উচ্চতা করা হলে পাশের মাটি ভেঙ্গে দোকান ও রাস্তার ক্ষতি সাধিত হবে। সুতরাং উক্ত প্রকল্পের কাজটি সংশোধন করত: সংশোধিত প্রাক্কলনটি অনুমোদন করা প্রয়োজন। উপজেলা প্রকৌশলী আরো জানান, স্থানীয় সরকার বিভাগ উপজেলা-২ শাখার স্মারক নং-৪৬.০০.০০০০.০৪৫.১৮.১৯৬.২২-১৮৬, তারিখ : ০৫/০৪/২২ মূলে লক্ষ্মীছড়ি উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন নির্মাণ কাজের জন্য বর্তমানে বিদ্যমান ভবনটি কনডেম ঘোষণাসহ নিলামে বিক্রির জন্য প্রশাসনিক অনুমোদন দেয়া হয়। সে আলোকে উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন নির্মাণ কাজের ফাউন্ডেশন পার্ট ডিজাইন করনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য টপোসার্ভে ও মাটি পরীক্ষার রিপোর্ট এলজিইডি'র প্রধান কার্যালয়ে প্রেরণ করা দরকার।	১। সংশোধিত প্রাক্কলনটি অদ্যকার সভায় অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা প্রকৌশলী, লক্ষ্মীছড়ি।
৮.	মহিলা ও শিশু বিষয়ক	কেক কাটার মধ্যদিয়ে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা'র জন্মদিন লক্ষ্মীছড়ি উপজেলায় উদযাপিত হয় এবং মাননীয় প্রধানমন্ত্রীর সুস্থ্যতা ও দীর্ঘায়ু কামনা করা হয়। তাছাড়া মহিলা ও শিশু বিষয়ক কর্মকর্তা জানান, সেপ্টেম্বর/২২ মাসের ভিজিডি বরাদ্দ পাওয়া গেছে এবং সুষ্ঠুভাবে বিতরণ করা হয়েছে। আইজিএ প্রকল্পের ১৬তম ও ১৭তম ব্যাচ চলমান রয়েছে। কিশোর কিশোরী ক্লাব সেপ্টেম্বর/২২ চলমান আছে এবং ক্ষুদ্র ঋণ কার্যক্রম অব্যাহত রয়েছে। ভিজিডি বিতরণে উপকারভোগীদের মাঝে নারী নির্যাতন, বাল্য বিবাহ, ধর্ষণ, যৌতুক, শিশু পাচার, পারিবারিক সহিংসতা ও মাদকাসক্তি প্রতিরোধে সচেতনতামূলক উঠান বৈঠক করা হয়েছে।	নীতিমালা অনুসরণ পূর্বক কার্যক্রম গ্রহণ করতে হবে।	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, লক্ষ্মীছড়ি ।
৯.	মৎস্য বিভাগ	উপজেলা মৎস্য কর্মকর্তার প্রতিনিধি জানান, অত্র উপজেলায় বিভিন্ন জলাশয়, ডোবা নালা ও পুকুরে ১২৫ কেজি পোনা মাছ অবমুক্ত করা হয়েছে। এছাড়া বিভিন্ন পুকুর পরিদর্শন ও মৎস্য চাষীদের পরামর্শ প্রদান কার্যক্রম চলমান রয়েছে। তিনি আরো জানান পার্বত্য চট্টগ্রাম অঞ্চলে মৎস্য সম্পদ উন্নয়ন প্রকল্পের আওতায় এ উপজেলায় ১টি মৎস্য ভবন নির্মাণের নির্দেশনা রয়েছে। সে লক্ষে উপজেলা পরিষদ হতে ২০০০ বর্গফুট ক্ষেত্রফল বিশিষ্ট দ্বি-তল ভবনের জন্য ১০(দশ) শতক জায়গা প্রয়োজন। সুতরাং উক্ত ভবন স্থাপণের নিমিত্ত উপজেলা পরিষদ হতে ১০(দশ) শতক জায়গা অনাপত্তি ও Demarcation Mapসহ অনুমোদনের জন্য তিনি সভাপতি মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন।	১। মৎস্য ভবন নির্মাণের জন্য পল্লী সঞ্চয় ব্যাংকের পাশে ১০(দশ) শতক জায়গা বরাদ্দ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয় এবং অনাপত্তি ও Demarcation Map প্রস্তুতের জন্য সহকারী কমিশনার ভূমি/নির্বাহী অফিসার মহোদয়কে অনুরোধ	উপজেলা মৎস্য কর্মকর্তা, লক্ষ্মীছড়ি।

CS CamScanner

<table>
<tr><td></td><td></td><td></td><td>করা হয়।
২। মৎস্য চাষিদের পরামর্শ প্রদান অব্যাহত রাখতে হবে এবং নির্দিষ্ট রেজিস্টারে লিপিবদ্ধ রাখতে হবে।</td><td></td></tr>
<tr><td>১০.</td><td>দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ বিভাগ</td><td>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান, ২০২২-২৩ অর্থ বছরে ১ম কিস্তি টিআর/কাবিখা/কাবিটা প্রকল্প সমূহ অনুমোদন পাওয়া গেছে এবং যথারীতি ১ম কিস্তিতে ৫০% বরাদ্দ ছাড় করা হয়েছে। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিক।</td><td>১ম কিস্তি ছাড়কৃত বরাদ্দ যথাযথ বাস্তবায়নে পরিদর্শন কার্যক্রম অব্যাহত রাখতে হবে।</td><td>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, লক্ষ্মীছড়ি।</td></tr>
<tr><td>১১.</td><td>যুব উন্নয়ন বিভাগ</td><td>সভায় উপস্থিত উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান, ঋণ আদায়ের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে তবে অত্র উপজেলায় এখনো অনেক ঋণ খেলাপী রয়েছে। খেলাপি ঋণ আদায়ে সকল জনপ্রতিনিধিদের সহযোগীতা কামনা করেন। চলতি মাসে তাদের দপ্তরের কার্যক্রম নিম্নরূপ : ১। চলমান মাসে ঋণ আদায়- ৫৮,৭০০/-টাকা। ২। খেলাপি ঋণ আদায়- ৭৭,৭০০/-টাকা। ৩। চলমান মাসে ঋণ বিতরণ- ৩,৬০,০০০/- টাকা। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে।</td><td>বিগত অর্থ বছরে বিভিন্ন ট্রেডে সর্বমোট কতজন প্রশিক্ষণ দিয়েছেন ও কতজন ঋণের জন্য আবেদন করেছেন এবং কতজন ঋণ গ্রহণ করে স্বাবলম্বী হয়েছেন তার একটি প্রতিবেদন আগামী সভায় উপস্থাপণ করবেন।</td><td>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, লক্ষ্মীছড়ি ।</td></tr>
<tr><td>১২.</td><td>পল্লী উন্নয়ন বিভাগ</td><td>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তার প্রতিনিধি জানান, চলতি মাসে তাদের দপ্তরের কার্যক্রম নিম্নরূপ -
১। সঞ্চয় আদায় - ৮৪,০০০/- টাকা। ২। ঋণ আদায়- ১,৯৬,০০০/- টাকা। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিক।</td><td>১। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার উপস্থিতি নিশ্চিত করতে হবে।
২। ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম আরো জোরদার করতে হবে।</td><td>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, লক্ষ্মীছড়ি</td></tr>
<tr><td>১৩.</td><td>সমাজসেবা বিভাগ</td><td>উপজেলা সমাজসেবা কর্মকর্তা জানান, জুলাই/২২ হতে সেপ্টেম্বর/২২ মাসে নিম্নরূপ ভাতা ইএফটি এর মাধ্যমে বিতরণ করা হয়েছে
<table>
<tr><td>ভাতা কার্যক্রম</td><td>ভাতাভোগীর সংখ্যা</td></tr>
<tr><td>বয়স্ক ভাতা</td><td>১২৫০জন</td></tr>
<tr><td>অসচ্ছল প্রতিবন্ধী ভাতা</td><td>৪১১জন</td></tr>
<tr><td>বিধবা ও স্বামী নিগৃহীতা</td><td>৯৭৭জন</td></tr>
<tr><td>অনগ্রসর জনগোষ্ঠীর বিশেষ বয়স্ক ভাতা</td><td>০২জন</td></tr>
<tr><td>প্রতিবন্ধী শিক্ষা উপবৃত্তি</td><td>৩৩জন</td></tr>
<tr><td>অনগ্রসর জনগোষ্ঠীর শিক্ষা উপবৃত্তি</td><td>১১জন</td></tr>
</table>
এছাড়া চলতি মাসে রোগী কল্যান সমিতি হতে ০৫ জনকে আর্থিক সহায়তা বাবদ ৬৮৭০/-টাকা চিকিৎসা সহায়তা প্রদান করা হয়েছে এবং জেলা সমাজ কল্যাণ পরিষদ হতে আর্থিক অনুদান হিসেবে ০১টি দু:স্থ পরিবারের মাঝে ৩০০০/-টাকা বিতরণ করা হয়েছে। অন্যান্য কার্যক্রম স্বাভাবিক।</td><td>বিধি মোতাবেক কার্যক্রম পরিচালনা করতে।</td><td>উপজেলা সমাজসেবা কর্মকর্তা, লক্ষ্মীছড়ি</td></tr>
<tr><td>১৪.</td><td>পরিবেশ ও বন বিভাগ</td><td>ভারপ্রাপ্ত বন কর্মকর্তা জানান, সরকারী নীতিমালা অনুযায়ী বিগত ০৩ মাস বাঁশ কাটা বন্ধ থাকার পর ০১ সেপ্টেম্বর/২২ হতে যথারীতি বাঁশ কাটা ও বিক্রী শুরু হয়েছে। এতে সেপ্টেম্বর/২২ মাসে দাখিলার মাধ্যমে সর্বমোট- ৪,৯৭,৯৫০/-টাকা রাজস্ব আদায় হয়েছে। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিক।</td><td>সরকারী নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণ করতে হবে।</td><td>ভারপ্রাপ্ত বন কর্মকর্তা, লক্ষ্মীছড়ি ।</td></tr>
</table>

CS CamScanner

১৫.	সমবায় বিভাগ	সভায় উপজেলা সমবায় কর্মকর্তা জানান, এ উপজেলায় ১টি কার্যকর সমিতির বার্ষিক অডিট সম্পন্ন হয়েছে। কেন্দ্রীয় সমিতির অডিট কার্যক্রম চলছে ও ১টি প্রাথমিক সমিতি পরিদর্শন করা হয়েছে। এছাড়া তার বিভাগের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	বিধি মোতাবেক কার্যক্রম পরিচালনা করতে হবে।	উপজেলা সমবায় কর্মকর্তা, লক্ষ্মীছড়ি
১৬.	খাদ্য বিভাগ	উপজেলা খাদ্য নিয়ন্ত্রক জানান, এ উপজেলায় ০২(দুই) জন ও,এম,এস ডিলার কর্তৃক এ পর্যন্ত ৫৬ মে:টন চাল গুদাম হতে উত্তোলন পূর্বক সুষ্ঠুভাবে বিতরণ করা হয়েছে। খাদ্য বান্ধব কর্মসূচির আওতায় যাচিইকৃত ৬৪৪ জন গ্রাহকের বিপরীতে ৩০ কেজি হারে ১৯.৩২০ মে:টন চাল বিতরণ করা হয়েছে। এছাড়া অযাচাইকৃত ৫৩৬জন কার্ডধারীকে পুণ:রায় যাচাইয়ের জন্য সংশ্লিষ্ট ইউডিসিসিগণকে তাগাদা দেয়া হয়েছে। অন্যান্য কার্যক্রম স্বাভাবিক।	খাদ্য বান্ধব কর্মসূচির আওতায় অযাচাইকৃত কার্ডধারীদের তথ্য দ্রুত অনলাইনে আপলোডকরণে যথাযথ উদ্যোগ গ্রহণ করতে হবে।	উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, লক্ষ্মীছড়ি।
১৭.	জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ।	জনস্বাস্থ্য উপ-সহকারী প্রকৌশলী জানান, মুজিব শতবর্ষ উদযাপন উপলক্ষে আশ্রয়ণসমূহে পানির উৎস স্থাপণ প্রকল্পের আওতায় ২০২১-২২ অর্থ বছরে বরাদ্দ পাওয়া নলকূপ স্থাপণের কাজ চলমান রয়েছে। এছাড়া আরো নুতন টিউবওয়েলের বরাদ্দ পাওয়া গেছে। দ্রুত তালিকা জমা দেয়র জন্য সংশ্লিষ্টদের অনুরোধ জানান।	চলমান প্রকল্পের কাজ নিয়মিত তদারকি অব্যাহত রাখতে হবে ও যথাসময়ের মধ্যে নুতন টিউবওয়েলের তালিকা জমা দিতে হবে।	জনস্বাস্থ্য উপ-সহকারী প্রকৌশলী, লক্ষ্মীছড়ি
১৮.	আনসার ভিডিপি	উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা জানান, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	সরকারী নির্দেশনা মোতাবেক কার্যক্রম পরিচালনা করতে হবে।	উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা, লক্ষ্মীছড়ি
১৯.	তথ্য আপা	অনুপস্থিত।	---------	তথ্য সেবা কর্মকর্তা, লক্ষ্মীছড়ি
২০.	সহকারী প্রোগ্রামার	অনুপস্থিত।	----	----
২১.	টেকসই সামাজিক উন্নয়ন প্রকল্প।	উপজেলা প্রকল্প ব্যবস্থাপক জানান চলতি বছরে ৬টি পাড়া কেন্দ্র মেরামতের কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া পাড়া কেন্দ্র সমূহ নিয়মিত পরিদর্শন অব্যাহত রয়েছে।	১। নীতিমালা অনুযায়ী কার্যক্রম গ্রহণ করতে হবে। ২। কোভিড-১৯ ভ্যাকসিন প্রদান কার্যক্রমে সহযোগীতা করতে হবে।	প্রকল্প ব্যবস্থাপক, টেকসই সামাজিক উন্নয়ন প্রকল্প, লক্ষ্মীছড়ি।
২২.	পরিসংখ্যান বিভাগ	পরিসংখ্যান কর্মকর্তার প্রতিনিধি জানান জনশুমারি ও গৃহগণনা-২১ সুষ্ঠুভাবে সম্পাদন পূর্বক সারাদেশের তথ্য চিত্র প্রকাশ করা হয়েছে তবে উপজেলা পর্যায়ের তথ্য এখনো পাওয়া যায়নি।	নির্দেশনা মোতাবেক কার্যক্রম পরিচালনা করতে হবে।	পরিসংখ্যান কর্মকর্তা, লক্ষ্মীছড়ি।
২৩.	বিদ্যুৎ উন্নয়ন বোর্ড	২টি উপজেলায় দায়িত্ব থাকার কারনে সভায় নিয়মিত উপস্থিত থাকতে না পারায় আবাসিক প্রকৌশলী দু:খ প্রকাশ করেন। সরকারী নির্দেশনা মোতাবেক আগামী ১ অক্টোপবর/২২ হতে প্রি-পেইড মিটার সংযোজন বা পরিবর্তন করতে হবে। এ ছাড়া সারা দেশে বিদ্যুৎ সংকট দেখা দেয়ায় অত্র উপজেলায় ১১০০ গ্রাহকের জন্য বরাদ্দকৃত (চাহিদার তুলনায় অত্যন্ত কম) পৌনে এক মেগাওয়াট বিদ্যুৎ বিতরনে হিমিশিম খেতে হচ্ছে।	গ্রাহকরা যাতে হয়রানির শিকার না হয় সে লক্ষে সঠিক বিদ্যুৎ বিল উপস্থাপণ করতে হবে।	আবাসিক প্রকৌশলী, বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, মানিকছড়ি।

CamScanner

<table>
<tr><td>২৪.</td><td>উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প।</td><td>অনুপস্থিত।</td><td>------</td><td>-----</td></tr>
<tr><td>২৫.</td><td>ইউআরসি</td><td>সরকারী নির্দেশনা মোতাবেক প্রাথমিক শিক্ষকদের গুনগত মান উন্নয়নে প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। চলতি মাসে প্রধান শিক্ষকদের নিয়ে এনএসএ বিষয়ক ১দিনের ওরিয়েন্টেশন করা হয়েছে।</td><td>নীতিমালা অনুযায়ী কার্যক্রম পরিচালনা করতে হবে।</td><td>ইন্সট্রাক্টর, ইউআরসি, লক্ষীছড়ি।</td></tr>
<tr><td>২৬.</td><td>পল্লী সঞ্চয় ব্যাংক।</td><td>সভায় শাখা ব্যবস্থাপক জানান বিগত মাসে তাদের দপ্তরের কার্যক্রম নিম্নরুপ:
জুন/২২ মাসের অগ্রগতি প্রতিবেদন
<table>
<tr><td>মাসিক সঞ্চয় আদায়ের লক্ষ্যমাত্রা</td><td>অর্জন</td><td>অর্জন হার</td><td>মাসিক ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা</td><td>অর্জন</td><td>অর্জন হার</td><td>মাসিক ঋণ আদায়ের লক্ষ্যমাত্রা</td><td>অর্জন</td><td>অর্জন হার</td></tr>
<tr><td>৪.২০</td><td>১.৪৭</td><td>৩৫%</td><td>৪৯.৪২</td><td>৪৭.৭৪</td><td>৯৬.৬০ %</td><td>৪৫.২৫</td><td>৩৮.৯১</td><td>৮৫.৯৯ %</td></tr>
</table></td><td>স্বাস্থ্য বিধি মেনে কার্যক্রম পরিচালনা করতে হবে।</td><td>শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, লক্ষীছড়ি ।</td></tr>
<tr><td>২৭.</td><td>বিবিধ</td><td>২নং দুল্যাতলী ইউপি চেয়ারম্যান বলেন প্রাথমিক শিক্ষা বিভাগ কর্তৃক রাস্তার পাশে যোগাযোগের সুবিধাজনিত বিদ্যালয় সমূহে পরিদর্শণ কার্যক্রম দৃশ্যমান তবে শিক্ষার মান্নোয়নে দুর্গম এলাকায় অবস্থিত বিদ্যালয় সমূহে পরিদর্শণ কার্যক্রম বাড়ানোর অনুরোধ জানান।
৩নং বর্মাছড়ি ইউপি চেয়ারম্যান বলেন তার ইউনিয়নে বটথলী এলাকায় কৃষি জমিতে পোকা মাকড়ের আক্রমন বেড়ে যাওয়ায় ব্যাপকভাবে কৃষি জমি ক্ষতি হচ্ছে। উপ-সহকারী কৃষি কর্মকর্তাদের নিয়মিত মনিটরিং না থাকায় কৃষকগণ সুবিধা বঞ্চিত হচ্ছেন এবং ক্ষতির সম্মুখে পড়ছেন। সাধারণ কৃষকদের উপকারের জন্য বিহীত পদক্ষেপ গ্রহণের অনুরোধ জানান।
সভাপতি বলেন, উপজেলা পরিষদের সীমানার মধ্যে দীর্ঘদিন যাবত বেশ কয়েকটি পরিবার বসবাস করছে যারা উপজেলা পরিষদের কার্যক্রমের সাথে সম্পৃক্ত নয়। নিরাপত্তাসহ অনাকাঙ্খিত যেকোন ঘটনা যেনো না ঘটে তার জন্য দ্রুততর সময়ে এসব পরিবারের নিজস্ব ব্যবস্থাপনায় উপজেলা পরিষদের জায়গাটা ছেড়ে দেয়া প্রয়োজন। এ বিষয়ে কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য তিনি উপজেলা নির্বাহী অফিসারের দৃষ্টি আকর্ষণ করেন।</td><td>১। সভায় উত্থাপিত বিষয়ে দ্রুত ব্যবস্থা গ্রহণ করতে হবে।
২। দায়িত্বরত উপ-সহকারী কৃষি কর্মকর্তার দায়িত্ব অবহেলার বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে।
৩। উপজেলা পরিষদের সীমানার মধ্যে পরিষদের সাথে সম্পৃক্ত ব্যক্তি/প্রতিষ্ঠানের অবস্থান নিশ্চিত করে কার্যকরী ব্যবস্থা নিতে হবে।</td><td>সংশ্লিষ্ট সকল দপ্তর প্রধানগণ।</td></tr>
<tr><td>২৮.</td><td>উপজেলা কমিটি সম্পর্কিত</td><td>উপজেলা ভাইস চেয়ারম্যান জানান, চলতি মাসে ২টি উপজেলা কমিটির সভা করা হয়েছে। পরবর্তী সভাগুলি নিয়মিতকরণের উদ্যোগ নেয়া হচ্ছে।</td><td>স্বাস্থ্য বিধি মেনে উপজেলা কমিটির সভা নিয়মিত করতে হবে ও কমিটির সদস্য সচিববৃন্দ এ বিষয়ে কার্যকরী উদ্যোগ গ্রহণ করবেন।</td><td>ভাইস চেয়ারম্যান ও সংশ্লিষ্ট বিভাগ।</td></tr>
<tr><td>২৯.</td><td>মাননীয় সংসদ সদস্য মহোদয়ের সুপারিশের উপর আলোচনা।</td><td>বর্তমান সভায় আলোচনার নিমিত্ত মাননীয় সংসদ সদস্য মহোদয়ের নিকট হতে কোন সুপারিশ পাওয়া যায়নি।</td><td>---------</td><td>--------</td></tr>
<tr><td>৩০.</td><td>উপজেলা পরিষদের আয় ব্যয় হিসাবের উপর আলোচনা।</td><td>উপজেলা নির্বাহী অফিসার জানান বিধি মোতাবেক উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে দাপ্তরিক প্রয়োজনে স্থানীয়ভাবে নিম্নলিখিত ব্যয় সমূহ সম্পাদন করা হয়েছে।
জুলাই/২০২২ মাস
<table>
<tr><td>পূর্বের জের</td><td>আয়</td><td>ব্যয়</td><td>সমাপ্তি জের</td></tr>
</table></td><td>উপজেলা পরিষদের দাপ্তরিক প্রয়োজনে রাজস্ব তহবিল হতে সম্পাদিত ব্যয় সমূহ উপস্থিত সদস্যগণের সর্বসম্মত সিদ্ধান্তক্রমে</td><td>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ও উপজেলা নির্বাহী অফিসার,</td></tr>
</table>

CamScanner

		১,৩১,১৩৬/-	২৪৪৯০/-	৪৭৬৬৭/-	১,০৭,৯৫৯/-	ভূতাপেক্ষ অনুমোদন প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।	লক্ষ্মীছড়ি।
		সর্বমোট = ১,৫৫,৬২৬/-					
		সভায় বিস্তারিত আলোচনা শেষে উক্ত ব্যয় সমূহ অনুমোদনের জন্য অনুরোধ করা হয়।					

পরিশেষে সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৮/৯/2022

(বাবুল চৌধুরী)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
লক্ষ্মীছড়ি, খাগড়াছড়ি পার্বত্য জেলা

তারিখ : ২৮/০৯/২০২২

স্মারক নং- ০৫.৪২.৪৬৬১.০০০.০১.০০১.২২- ১০৯

অনুলিপি : সদয় অবগতির জন্য প্রেরণ করা হল। (জৈষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। মাননীয় সংসদ সদস্য, ২৯৮ খাগড়াছড়ি পার্বত্য জেলা।
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
৪। জেলা প্রশাসক, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
৫। চেয়ারম্যান, পার্বত্য জেলা পরিষদ, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
৬। উপপরিচালক, স্থানীয় সরকার, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
৭। উপজেলা ------------------------------ কর্মকর্তা, লক্ষ্মীছড়ি, খাগড়াছড়ি।
৮। চেয়ারম্যান, ১নং লক্ষ্মীছড়ি / ২নং দুল্যাতলী/৩নং বর্মাছড়ি ইউপি।
৯। অফিস নথি।

২৮/০৯/২২

(মো: ইশতিয়াক ইমন)
উপজেলা নির্বাহী অফিসার
লক্ষ্মীছড়ি, খাগড়াছড়ি।
মোবা: ০১৫৫০৬০৪৫২৬
unolaxmichari@mopa.gov.bd

CamScanner

উপজেলা মাসিক সাধারন সভায় উপস্থিতির হাজিরা ঃ

সেপ্টেম্বর/২২ তারিখ ঃ ২৮/০৯/২২

ভোটিং সদস্য

ক্র.নং	পদবী	উপস্থিত	অনুমোদিত অনুপস্থিত কিন্তু প্রতিনিধির মাধ্যমে উপস্থিত	অ-অনুমোদিত অনুপস্থিত কিন্তু প্রতিনিধি উপস্থিত	অনুপস্থিত
১.	ভাইস চেয়ারম্যান	স্বাক্ষর : নামঃ রাজু চাকমা মোবাঃ নং-			
২.	মহিলা ভাইস চেয়ারম্যান	স্বাক্ষর নাম : মোবা:নং			
৩.	চেয়ারম্যান ১নং লক্ষীছড়ি ইউপি	স্বাক্ষর নাম : মোবা:নং			
৪.	চেয়ারম্যান ২নং দুল্যাতলী ইউপি	স্বাক্ষর নাম : মোবা:নং			
৫.	চেয়ারম্যান ৩নং বর্মাছড়ি ইউপি	স্বাক্ষর নাম : মোবা:নং			
৬.	সংরক্ষিত মহিলা সদস্য	স্বাক্ষর নাম : মোবা:নং			

নন- ভোটিং সদস্য

ক্র.নং	পদবী	উপস্থিত	অনুমোদিত অনুপস্থিত কিন্তু প্রতিনিধির মাধ্যমে উপস্থিত	অ-অনুমোদিত অনুপস্থিত কিন্তু প্রতিনিধি উপস্থিত	অনুপস্থিত
১.	উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা	স্বাক্ষর : নামঃ ডা. [illegible] মোবাঃ নং- [illegible]			
২.	উপজেলা কৃষি কর্মকর্তা	স্বাক্ষর নাম : মো: [illegible] রহমান মোবা:নং 01820144931			

নন- ভোটিং সদস্য

ক্র.নং	পদবী	উপস্থিত	অনুমোদিত অনুপস্থিত কিন্তু প্রতিনিধির মাধ্যমে উপস্থিত	অ-অনুমোদিত অনুপস্থিত কিন্তু প্রতিনিধি উপস্থিত	অনুপস্থিত
৩.	উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা	স্বাক্ষর : ২৪.০৭.২২ নামঃ মোবাঃ নং-			
৪.	✓উপজেলা প্রকৌশলী এলজিইডি	স্বাক্ষর : নামঃ [illegible] মোবাঃ নং- 01676592490			
৫.	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার	স্বাক্ষর : নামঃ [illegible] মোবাঃ নং- [illegible]			
৬.	উপজেলা শিক্ষা অফিসার	স্বাক্ষর : নামঃ [illegible] মোবাঃ নং- [illegible]			
৭.	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা	স্বাক্ষর : নামঃ [illegible] মোবাঃ নং- 01567847358			
৮.	উপজেলা সমাজ সেবা কর্মকর্তা	স্বাক্ষর : নামঃ [illegible] মোবাঃ নং- 01674323636			
৯.	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা	স্বাক্ষর : নামঃ [illegible] মোবাঃ নং- [illegible]			
১০.	পরিবার পরিকল্পনা কর্মকর্তা	স্বাক্ষর : নামঃ [illegible] মোবাঃ নং- 01704464003			
১১.	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা	স্বাক্ষর : নামঃ [illegible] মোবাঃ নং- 01554347579			

ক্র.নং	পদবী	উপস্থিত	অনুমোদিত অনুপস্থিত কিন্তু প্রতিনিধির মাধ্যমে উপস্থিত	অ-অনুমোদিত অনুপস্থিত কিন্তু প্রতিনিধি উপস্থিত	অনুপস্থিত
১২.	উপজেলা মৎস্য কর্মকর্তা	স্বাক্ষর : নামঃ [illegible] মোবাঃ নং-01551445200			
১৩.	উপজেলা বন কর্মকর্তা	স্বাক্ষর : মোঃ আনোয়ার হোসেন নামঃ মোবাঃ নং- 01824884136			
১৪.	উপজেলা খাদ্য নিয়ন্ত্রক	স্বাক্ষর : 24/10/22 নামঃ [illegible] মোবাঃ নং-01553697004			
১৫.	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা	স্বাক্ষর : 24/10/22 নামঃ [illegible] মোবাঃ নং- 01868639823			
১৬.	উপজেলা সমবায় অফিসার	স্বাক্ষর নামঃ ফেরদৌস মোঃ বিল্লাল মোবাঃ নং-০১৯২৬-১৯৫২৬৭.			
১৭.	উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা	স্বাক্ষর : নামঃ মোবাঃ নং-			
১৮.	ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক	স্বাক্ষর : নামঃ [illegible] মোবাঃ নং-[illegible]			
১৯.	তথ্য সেবা কর্মকর্তা	স্বাক্ষর : নামঃ মোবাঃ নং-			
২০.	আবাসিক প্রকৌশলী বিদ্যুৎ উন্নয়ন বোর্ড	স্বাক্ষর : নামঃ মোঃ জিয়া উদ্দিন মোবাঃ নং-[illegible]			
২১.	উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা	স্বাক্ষর : নামঃ জিল্লুর কবির মোবাঃ নং-01824-587005			

CamScanner

ক্র.নং	পদবী	উপস্থিত	অনুমোদিত অনুপস্থিত কিন্তু প্রতিনিধির মাধ্যমে উপস্থিত	অ-অনুমোদিত অনুপস্থিত কিন্তু প্রতিনিধি উপস্থিত	অনুপস্থিত
২২.	জনস্বাস্থ্য প্রকৌশলী	স্বাক্ষর : [signature] নাম: মো: ইব্রাহীম খলিল মোবা: নং- 01557-448718			
২৩.	উপজেলা প্রকল্প ব্যবস্থাপক টেকসই সামাজিক উন্নয়ন প্রকল্প	স্বাক্ষর : [signature] নাম: [illegible] মোবা: নং- 01556560251			
২৪.	ইউডিএফ উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প	স্বাক্ষর : নাম: মোবা: নং-			
২৫.	ইন্সট্রাক্টর ইউআরসি লক্ষীছড়ি	স্বাক্ষর : নাম: মোবা: নং-			
২৬.	উপজেলা [illegible] উন্নয়ন সহকারী	স্বাক্ষর : [signature] 25.7.22 নাম: [illegible] মোবা: নং- 01553210540			
		স্বাক্ষর : নাম: মোবা: নং-			
		স্বাক্ষর : নাম: মোবা: নং-			
		স্বাক্ষর : নাম: মোবা: নং-			
		স্বাক্ষর : নাম: মোবা: নং-			

[signature] [signature]

CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ কার্যালয়
লক্ষ্মীছড়ি, খাগড়াছড়ি।

স্মারক নং- ০৫.৪২.৪৬৬১.০০০.০১.০১০.২২ – ১০৮ তারিখ ঃ ১৯/০৯/২০২২।

নোটিশ

আগামী ২৮ সেপ্টেম্বর/২০২২ তারিখে লক্ষ্মীছড়ি উপজেলা পরিষদের " **সেপ্টেম্বর মাসের মাসিক সাধারণ সভা**" চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লক্ষ্মীছড়ি, খাগড়াছড়ি পার্বত্য জেলা এর সভাপতিত্বে উপজেলা কমিউনিটি সেন্টারে সকাল ১১.০০ ঘটিকায় অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হল।

সভার আলোচ্যসূচিঃ
১। গত সভার কার্যবিবরণী অনুমোদন।
২। গৃহীত সিদ্ধান্তের অগ্রগতির পর্যালোচনা।
৩। বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) বরাদ্দ সম্পর্কে আলোচনা।
৪। উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প সম্পর্কে আলোচনা।
৫। সরকারি বিধি আলোচনা ও পর্যালোচনা।
৬। মাননীয় সংসদ সদস্য মহোদয়ের সুপারিশের উপর আলোচনা।
৭। পরিষদের আয়-ব্যয় হিসাবের উপর আলোচনা।
৮। বিবিধ।

১৯/০৯/২২
(মো: ইশতিয়াক ইমন)
মূখ্য নির্বাহী কর্মকর্তা
ও
উপজেলা নির্বাহী অফিসার
লক্ষ্মীছড়ি, খাগড়াছড়ি পার্বত্য জেলা।

....
....
....

অনুলিপি ঃ জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হল।
১। জেলা প্রশাসক, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
২। উপ-পরিচালক, স্থানীয় সরকার, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লক্ষ্মীছড়ি, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
৪। উপজেলা .... কর্মকর্তা, লক্ষ্মীছড়ি, খাগড়াছড়ি।
৫। চেয়ারম্যান, ১নং লক্ষ্মীছড়ি ইউপি/২নং দুল্যাতলী ইউপি/৩নং বর্মাছড়ি ইউপি।
৬। অফিস নথি।

১৯/০৯/২২
(মো: ইশতিয়াক ইমন)
উপজেলা নির্বাহী অফিসার
লক্ষ্মীছড়ি, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
মোবা: ০১৫৫০৬০৪৫২৬
unolaxmichari@mopa.gov.bd